

# রাজ্যের বিভিন্ন স্থানে বিজ্ঞান আলোচনা, শুরু ৫ ডিসেম্বর

আজকালের প্রতিবেদন: ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের সহযোগিতায় রাজ্যের বিভিন্ন কলেজের সায়েন্স ফোরামের উদ্যোগে জনপ্রিয় বিজ্ঞান আলোচনা আয়োজিত হচ্ছে। আগামী ৫-৭ ডিসেম্বর আলোচনায় অংশ নেবেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্যামল চক্রবর্তী ও বঙ্গীয় বিজ্ঞান পরিষদের সম্পাদক তপন সাহা। রাজ্যের বিভিন্ন স্থানে এ নিয়ে আলোচনা হবে। ২০-২২ জানুয়ারি রাজ্যের বিভিন্ন স্থানে বক্তব্য পেশ করবেন বিশিষ্ট জ্যোতির্বিজ্ঞানী ও বিড়লা প্ল্যানেটোরিয়ামের অধিকর্তা ড. দেবীপ্রসাদ দুয়ারি এবং বিশিষ্ট বিজ্ঞান প্রচারক ও এন সি এস এম-এর পূর্ব অধিকর্তা সমর বাগচী। ধর্মনগর কলেজের সায়েন্স ফোরামের উদ্যোগে ৫ ডিসেম্বর বিবেকানন্দ সার্থশতবার্ষিকী হলে সকাল সাড়ে ৯টায় আয়োজিত হবে জনপ্রিয় বিজ্ঞান আলোচনা। 'বিজ্ঞান, সংস্কৃতি ও রবীন্দ্রনাথ' শীর্ষক আলোচনায় অংশ নেবেন অধ্যাপক শ্যামল চক্রবর্তী এবং 'পরিবেশ ও সুস্থির উন্নয়ন' বিষয়ক আলোচনায় অংশ নেবেন তপন সাহা। কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের সায়েন্স ফোরামের জনপ্রিয় বিজ্ঞান আলোচনা আয়োজিত হবে কৈলাসহর টাউন হলে ৬ ডিসেম্বর সকাল ১০টায়। 'বিজ্ঞান, সমাজ ও আচার্য জগদীশচন্দ্র' বিষয়ে শ্যামল চক্রবর্তী, 'জলাভূমির গুরুত্ব ও জলাভূমি সংরক্ষণ' বিষয়ে তপন সাহা বক্তব্য পেশ করবেন। মহিলা কলেজে সায়েন্স ফোরামের উদ্যোগে ৭ ডিসেম্বর দুপুর ১২টায় আয়োজিত হবে আলোচনাচক্র। আলোচনাচক্রে 'বিজ্ঞান ও কুসংস্কার' বিষয়ে বক্তব্য পেশ করবেন শ্যামল চক্রবর্তী এবং 'জলবায়ু পরিবর্তন' বিষয়ে বক্তব্য পেশ করবেন তপন সাহা। এদিন বিকেল ৫টায় আগরতলা প্রেস ক্লাবে ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের সহযোগিতায় জ্ঞান বিচিত্রা ও বুক ওয়ার্ল্ড আয়োজন করবে বিজ্ঞান শিক্ষক, বিজ্ঞান ও সমাজকর্মী, কবি, সাহিত্যিক ও লেখকদের এক আড্ডার। বিজ্ঞান, সংস্কার ও কুসংস্কার বিষয়ক আড্ডায় শ্যামল চক্রবর্তী ও তপন সাহা উপস্থিত থাকবেন। জানান বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের সদস্য-উপসচিব মিহিরলাল রায়।